# AKASHVANI(AIR)
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 14-02-2026 Time: 1.30 PM**

-

বিশেষ বিশেষ খবর –

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ অসম সফরে ডিব্রুগড় জেলায় মোরান বাইপাসে আপৎকালীন অবতরণ পরিষেবার উদ্বোধন করেছেন।

# এরপর তিনি গুয়াহাটিতে ৫ হাজার ৪ শো ৫০ কোটি টাকারও বেশি মূল্যের প্রকল্পের উদ্বোধন ও সূচনা করবেন।

২/ এখন থেকে সেবা তীর্থেই মন্ত্রিসভার বৈঠক হবে বলে কেন্দ্রীয় মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ জানিয়েছেন। ছাড়পত্র মিলেছে তিনটি রেল প্রকল্পের।

৩/ দেশবাসী আজ সশ্রদ্ধ চিত্তে পুলওয়ামা হামলায় নিহত জওয়ানদের স্মরণ করছে। শ্রদ্ধাজ্ঞাপন উপ-রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, বিদেশমন্ত্রীর।

৪/ নিষিদ্ধ সংগঠন পিপলস লিবারেশন ফ্রন্ট অফ ইন্ডিয়া – PLFI-এর ছয় সদস্যকে ১০ বছরের সশ্রম কারাদণ্ডের নির্দেশ দিয়েছে ঝাড়খণ্ডের বিশেষ এনআইএ আদালত।

৫/ ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতা অর্জনের পর বাংলাদেশ ন্যাশানালিস্ট পার্টি, বিএনপি পরবর্তী সরকার গঠনের প্রস্তুতি শুরু করেছে।

৬/ কলকাতার ইডেন গার্ডেনসে আই সি সি পুরুষদের টি-২০ ক্রিকেট বিশ্বকাপের ম্যাচে ইংল্যান্ড, স্কটল্যান্ডের মুখোমুখি হবে।

ooooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অসমের ডিব্রুগড় জেলায় মোরান বাইপাসে আপৎকালীন অবতরণ পরিষেবার উদ্বোধন করেন। তিনি তাঁর অসম সফরে আজ সকালে সেখানে নামেন। ভারতীয় বায়ুসেনার সুখোই, রাফাল, AN-31, তেজস আকাশপথে আপৎকালীন পরিষেবা সংক্রান্ত সামরিক মহড়ায় অংশগ্রহণ করে। এই আপৎকালীন অবতরণ পরিষেবা উত্তরপূর্ব ভারতের প্রথম এ ধরণের পরিষেবা ক্ষেত্র।

এরপর তিনি ডিব্রুগড় থেকে গুয়াহাটির উদ্দেশ্যে রওনা দেন। সেখানে তিনি ৫ হাজার ৪ শো ৫০ কোটি টাকারও বেশি মূল্যের প্রকল্পের উদ্বোধন ও সূচনা করবেন। ৩ হাজার কোটি টাকা ব্যয়ে ব্রহ্মপুত্র নদীর ওপর গুয়াহাটি ও উত্তর গুয়াহাটির সংযোগকারী কুমার ভাস্কর বর্মা সেতুর উদ্বোধন করবেন। এরপর লাচিত ঘাটে ভার্চুয়ালি IIM গুয়াহাটির অস্থায়ী ক্যাম্পাস ও কামরূপ জেলার আমিনগাঁওতে জাতীয় তথ্য কেন্দ্রের উদ্বোধন করবেন তিনি।

এছাড়াও, দেশের ৪ টি শহরে তিনি পিএম ই বাস সেবার অধীনে ২ শো ২৫ টি বৈদ্যুতিন বাস পরিষেবার সূচনা করবেন। গুয়াহাটিতে ১০০ টি, নাগপুর ও ভাবনগরে ৫০ টি ও চণ্ডীগড়ে ২৫ টি বাস চলবে। এরপর তিনি বিজেপি কর্মীদের একটি বুথ স্তরের সম্মেলনে অংশগ্রহণ করবেন। সন্ধ্যায় তিনি নতুন দিল্লিতে ফিরে যাবেন।

ooooooooooooooooooooooooo

এখন থেকে সদ্য উদ্বোধন হওয়া সেবা তীর্থেই মন্ত্রীসভার বৈঠক বসবে বলে কেন্দ্রীয় মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ জানিয়েছেন। তিনি বলেন, গতকাল মন্ত্রীসভার বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সাংবাদিক সম্মেলনে আজ শ্রী বৈষ্ণ বলেন, সাউথ ব্লকের ঘরগুলিতে বিভাজনের রাজনীতির প্রত্যক্ষ প্রমাণ মিলেছে। কিন্তু প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন সরকারের আমলে দেশ ক্ষমতার প্রভাব থেকে মুক্ত হয়ে সেবার সংস্কৃতি গ্রহণ করেছে। বর্তমানে ভারত এক আত্মনির্ভর দেশ হয়ে উঠেছে বলে উল্লেখ করেন তিনি।

(বাইট-অশ্বিনী বৈষ্ণ)

মন্ত্রীসভার বৈঠকে ১ লক্ষ ৬০ হাজার কোটি টাকার একাধিক প্রকল্পের অনুমদন মিলেছে। ৩ টি রেল প্রকল্পে ছাড়পত্র দেওয়া হয়েছে। এর মধ্যে মুম্বাই হাওড়া হাই ডেনসিটি রুটে মহারাষ্ট্রের কাসারা থেকে মানমাড়ের মধ্যে তৃতীয় ও চতুর্থ লাইন করার কাজে ছাড়পত্র দিয়েছে মন্ত্রীসভা। এ জন্য ১০ হাজার ১ শো ৫৪ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

ooooooooooooooooooooooooo

২০১৯ সালে পুলওয়ামার লেথপোড়ায় জম্মু–শ্রীনগর জাতীয় সড়কে কেন্দ্রীয় সংরক্ষিত পুলিশ বাহিনী–সি আর পি এফ এর কনভয়ে সন্ত্রাসবাদী হামলার ঘটনায় নিহত ৪০ জন জওয়ানের স্মৃতি তর্পণ করা হচ্ছে আজ।

উপ রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণাণ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর ঐ ঘটনায় নিহত জওয়ানদের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন।

সামাজিক মাধ্যমে এক বার্তায় উপ রাষ্ট্রপতি বলেছেন, নিরাপত্তা কর্মীদের এই আত্ম বলিদান, দেশের মানুষ চিরকাল স্মরণে রাখবেন।

অন্যদিকে প্রধানমন্ত্রী সামাজিক মাধ্যমে এক বার্তায় বলেছেন, নিরাপত্তা কর্মীদের এই নিষ্ঠা, আত্মত্যাগ এবং দেশের প্রতি অবদান, দেশবাসীর হৃদয়ে চিরস্মরণীয় হয়ে থাকবে।

শ্রী জয়শঙ্কর বলেছেন, তাঁদের আত্মত্যাগ সীমান্তপারের সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের বলিষ্ঠ অবস্থানের পরিচয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রাক্তন বিদেশমন্ত্রী সুষমা স্বরাজের জন্মবার্ষিকীতে উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণাণ, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ তাঁর স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন।

সমাজমাধ্যমের এক বার্তায় উপ রাষ্ট্রপতি বলেন, তাঁর অননুকরণীয় ও সহানুভূতিশীল নেতৃত্ব, দেশের সংসদীয় ঐতিহ্যকে চিরস্মরণীয় করে রাখবে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, জাতীয় স্বার্থে তাঁর অনেক সাহসী পদক্ষেপ সারাদেশের মানুষের স্মৃতিতে অমর হয়ে থাকবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নিষিদ্ধ সংগঠন পিপলস লিবারেশন ফ্রন্ট অফ ইন্ডিয়া (PLFI) এর ছয় সদস্যকে ১০ বছরের সশ্রম কারাদণ্ডের নির্দেশ দিয়েছে ঝাড়খণ্ডের বিশেষ এনআইএ আদালত। দোষী সাব্যস্ত ওই ছয় ব্যক্তির নাম গুলাব কুমার যাদব, রবি যাদব, রাকেশ কুমার পাসওয়ান, পবন কুমার যাদব, সন্তোষ যাদব ও সুরেশ যাদব।

তাদের বিরুদ্ধে আইপিসি ও ইউএপিএ'র একাধিক ধারায় সন্ত্রাসবাদ যোগ, বেআইনি অস্ত্র রাখার মতো গুরুতর অভিযোগ আনা হয়েছিল।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

তথ্য-সম্প্রচার প্রতিমন্ত্রী ডঃ এল মুরুগান বলেছেন, ভুয়ো খবর এবং ভুল তথ্য প্রচার সামাজিক অপরাধের মধ্যে পড়ে। নতুনদিল্লিতে গতকাল সাংবাদিকদের একটি জাতীয় স্তরের সংবাদ বিষয়ক কর্মসূচি "Karmayoga in Action"-এর সূচনা করে ডঃ মুরুগান বলেন, ভুয়ো খবর ছড়িয়ে পড়া রুখতে তথ্য প্রচারের আগে তা যাচাই করা প্রয়োজন। সঠিক খবর পেতে মানুষ আকাশবাণী এবং দূরদর্শনকে বিশ্বাস করে বলে জানান তথ্য-সম্প্রচার প্রতিমন্ত্রী। সংবাদ এবং বিনোদন-মাধ্যমকে দ্রুত-

বিকাশশীল অর্থনীতি এবং কর্মসংস্থান বৃদ্ধির অন্যতম পরিসর বলে উল্লেখ ক'রে তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে এই ক্ষেত্রগুলির উন্নয়নে সরকার নানা উদ্যোগ নিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ২২শে ফেব্রুয়ারী আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানের মধ্যে দিয়ে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩১ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধান মন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

মন কি বাত এর জন্যে এ বারেও সাধারণ মানুষের পরামর্শ ,বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। MyGov Open Forum কিংবা Narendra Modi App-এ লিখিত বার্তা পাঠানো যাবে। টোল ফ্রি নম্বর - 1800-11-7800 মারফতও বার্তা পাঠানো যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতা অর্জনের পর বাংলাদেশ ন্যাশানালিস্ট পার্টি, বিএনপি পরবর্তী সরকার গঠনের প্রস্তুতি শুরু করেছে। ২৯৭ আসনের মধ্যে বিএনপি এককভাবে ২০৯টি আসন জিতেছে। ৩০০ সদস্যের সংসদে সরকার গঠনের জন্য প্রয়োজন ছিল ১৫১ আসন যা সহজেই অতিক্রম করে ইতিহাস সৃষ্টি করেছে বিএনপি।

**প্রসারভারতীর সংবাদদাতার একটি প্রতিবেদন –**

**(ভয়েসকাস্ট – নভলসং পারমা)**

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল বাংলাদেশ ন্যাশনালিস্ট পার্টির চেয়ারম্যান তারেক রহমানের সঙ্গে কথা বলে, নির্বাচনে অসাধারণ জয়লাভের জন্য অভিনন্দন জানিয়েছেন। সোশ্যাল মিডিয়ায় একটি পোস্টে শ্রী মোদী বলেছেন, তিনি বাংলাদেশের জনগণের আকাঙ্ক্ষা পূরণে তারেক রহমানের প্রচেষ্টার জন্য তাঁকে আগাম শুভেচ্ছা এবং সমর্থন জানিয়েছেন। প্রধানমন্ত্রী বলেছেন, গভীর

ঐতিহাসিক ও সাংস্কৃতিক বন্ধনের পাশাপাশি দুটি ঘনিষ্ঠ প্রতিবেশী-রাষ্ট্র হিসেবে, তিনি উভয় দেশের জনগণের শান্তি, অগ্রগতি এবং সমৃদ্ধির প্রতি ভারতের অঙ্গীকারের কথা পুনর্ব্যক্ত করেছেন।

oooooooooooooooooooooooo

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ইরানে ক্ষমতার পরিবর্তন হবে মধ্যপ্রাচ্যের জন্য সবচেয়ে ভালো খবর। মার্কিন প্রশাসন এই মুহূর্তে তেহরানের বিরুদ্ধে সামরিক পদক্ষেপ নেবে কিনা তা বিবেচনা করছে। উত্তর ক্যারোলিনার ফোর্ট ব্র্যাগে সৈন্যদের সঙ্গে সাক্ষাতের সময় ইরানের বিরুদ্ধে সম্ভাব্য সামরিক পদক্ষেপের জন্য বিমানবাহী দ্বিতীয় রণতরী মধ্যপ্রাচ্যে মোতায়েনের বিষয়টি নিশ্চিত করেন ট্রাম্প। ইরানের সঙ্গে ট্রাম্পের আরও এক দফা বৈঠকের পরে তাঁর এই মন্তব্য বিশেষ তাৎপর্যপুর্ন। বিশ্বের বৃহত্তম বিমানবাহী রণতরী ইউএসএস জেরাল্ড আর. ফোর্ডকে ক্যারিবিয়ান সাগর থেকে মধ্যপ্রাচ্যে পাঠিয়ে ওই অঞ্চলে আমেরিকা তাঁদের সামরিক শক্তি বাড়াচ্ছে।

এদিকে, গতমাসে দেশজুড়ে বিক্ষোভকারীদের উপর তেহরানের বর্বর দমন অভিযানের ফলে নিহত হাজার হাজার মানুষের জন্য ইরানিবাসী ৪০ দিনের শোকদিবস শুরু করেছে।

oooooooooooooooooooooooo

ক্রিকেটে পুরুষদের আইসিসি টি-টোয়েন্টি বিশ্বকাপে গ্রুপ-বি এর ম্যাচে মুখোমুখি হয়েছে আয়ারল্যান্ড ও ওমান। প্রথমে ব্যাট করে নির্ধারিত ২০ ওভারে ৫ উইকেট হারিয়ে ২৩৫ রান করে আয়ারল্যান্ড। জবাবে ব্যাট করতে নেমে ওমান ৯ ওভারে ২ উইকেট হারিয়ে ৭৮ রান করেছে। এদিন টসে জিতে প্রথমে বল করার সিদ্ধান্ত নেয় ওমান।

আজ প্রতিযোগিতার অন্য ম্যাচে কলকাতার ইডেন গার্ডেন্সে দুপুর ৩টেয় ইংল্যান্ডের বিরুদ্ধে খেলবে স্কটল্যান্ড।

অন্যদিকে, আমেদাবাদে সন্ধ্যে সাতটায় নিউজিল্যান্ডের মুখোমুখি হবে দক্ষিণ আফ্রিকা।

oooooooooooooooooooooooo

দ্বাদশ ইন্ডিয়ান সুপার লিগ - আই এস এল ফুটবল প্রতিযোগিতা আজ শুরু হচ্ছে। গতবারের চ্যাম্পিয়ন মোহনবাগান সুপার জায়ান্ট, কেরালা ব্লাস্টার্সের বিরুদ্ধে মাঠে নামবে। যুব ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে বিকেল পাঁচটায়।

মহামেডান স্পোর্টিং আগামীকাল তাদের প্রথম ম্যাচে জামশেদপুর এফ সি-র মুখোমুখি হবে। সোমবার ইস্টবেঙ্গল, নর্থ ইস্ট ইউনাইটেডের বিরূদ্ধে ম্যাচ দিয়ে আই এস এল অভিযান শুরু করবে। ১৪ টি দল এবারের আই এস এল-এ অংশ নিচ্ছে। মোট ৯১ টি ম্যাচ হবে। প্রত্যেক দল একে অপরের বিরুদ্ধে খেলবে।